# পৌষে অজয় নদের ধারে

পৌষমাসের দারুণ শীতে অজয় নদের ধার
সকাল বেলায় চাদর গায়ে, চায়ের দরকার।
ছোট্ট হোক, শুকনো হোক নদীর ধারে বাস
চৌদিকে চাই, প্রসন্ন হ'ই, খাসা আমার চাষ!

শীতে এখন অজয় নদ বড্ড শুকি'য়ে যায়
বিশাল বপু এই নদেরই ভরা বর্ষায়
অবাক হয়ে চেয়ে থাকি হাত্‌নে-দাওয়ায় ব'সে
অজয় তখন কথা কয় অট্টহাস্য হেসে!

কতো কাল তো কেটে গেল এ নদের ধারে ধারে
কতো কথা মনে পড়ে আমার বারে বারে
আমার মতোন ইতি পূর্বেও কতো শতজন
অজয়ের পাড়ে মিটিয়েছেন শত প্রয়োজন।

এ নদের মাটির সাথে কতো পরিচয়
সাক্ষী আছে নীরব অতীত, ফেলে আসা সময়!
সাক্ষী আছে ওই দিগন্ত, সাক্ষী আকাশ বাতাস
সাক্ষী আছে সূর্য তারা, সাক্ষী পৌষমাস!